# প্রসপেক্টাস



# মহালছড়ি সরকারি কলেজ

● স্থাপিত : ১৮ অক্টোবর ১৯৮৮ খ্রিস্টাব্দ ● জাতীয়করণ : ০৮ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

ডাকঘর : মহালছড়ি-৪৪৩০, উপজেলা : মহালছড়ি, জেলা : খাগড়াছড়ি পার্বত্য জেলা।
কলেজ কোড : চট্টগ্রাম শিক্ষা বোর্ড-৫২৫১, কারিগরি-৭১০০৫, জাতীয় বিশ্ববিদ্যালয়-৪৭০৮

EIIN No : 106807, Mobile : 01577-247901, 01776-396400
Email : mohalchari.college@gmail.com Website : mahalchari.college.gov.bd

## প্রধান উপদেষ্টা
প্রফেসর মোঃ শামছুর রহমান, অধ্যক্ষ

## সম্পাদক
জনাব কিউট চাকমা, প্রভাষক, ইংরেজি

## সার্বিক সহযোগিতায়
জনাব জ্ঞান প্রকাশ খীসা, প্রভাষক, হিসাববিজ্ঞান
জনাব এ কে এম আসাদুজ্জামান, প্রভাষক, গণিত
জনাব চিত্রা দেওয়ান, প্রভাষক, বাংলা
জনাব উহলাপ্রু চৌধুরী, প্রভাষক, ব্যবস্থাপনা
জনাব কৃষ্ণ বিকাশ খীসা, প্রদর্শক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

## ছবি সংগ্রহকারী
জনাব কিউট চাকমা, প্রভাষক, ইংরেজি

## গ্রাফিক্স ডিজাইন
মোঃ বেলাল হোসেন

## প্রকাশকাল
জুলাই ২০২৫

## মুদ্রণে
দেলোয়ার আর্ট ডিজিটাল সাইন
নারিকেল বাগান, কলেজ রোড, খাগড়াছড়ি সদর
মোবাইল : ০১৭৬৩-৩৯৫২৭৭, ০১৮৫৫-৪৭০৮৬৬



# অধ্যক্ষের বাণী

শিক্ষা হচ্ছে একটি জাতির ভবিষ্যতের পথনির্দেশক। আর এই শিক্ষা তখনই সার্থক হয়, যখন তা সমাজের প্রান্তিক ও প্রত্যন্ত অঞ্চল পর্যন্ত ছড়িয়ে পড়ে। মহালছড়ি সরকারি কলেজ তেমনি একটি আলোকিত প্রতিষ্ঠান, যার জন্ম হয়েছে একটি স্বপ্নের বাস্তব রূপায়ণ হিসেবে।

পার্বত্য চট্টগ্রামের খাগড়াছড়ি জেলার মহালছড়ি উপজেলা এক সময় ছিল উচ্চ শিক্ষার দিক থেকে প্রায় অনুন্নত ও বঞ্চিত। এসএসসি পাশ করার পর শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার জন্য খাগড়াছড়ি জেলা সদর কিংবা রাঙামাটি জেলার কলেজগুলোতে পাড়ি জমাতে হতো। এই প্রেক্ষাপটে শিক্ষা বিস্তারের প্রয়োজনে স্থানীয় বিদ্যোৎসাহী জনগণ, সেনা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সম্মিলিত প্রয়াসে ১৯৮৮ সালে প্রতিষ্ঠিত হয় মহালছড়ি কলেজ। এটি ছিল একটি ঐতিহাসিক সিদ্ধান্ত, যা আজ এ জনপদের শিক্ষার্থীদের ভবিষ্যৎ নির্মাণে অবিচল ভরসা হয়ে দাঁড়িয়েছে।

প্রিয় নবাগত শিক্ষার্থীরা, কলেজে ভর্তি মানেই একটি নতুন অধ্যায় শুরু করা। এখানকার সুশৃঙ্খল পরিবেশ, অভিজ্ঞ ও আন্তরিক শিক্ষকবৃন্দ এবং পাঠ্য ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম তোমাদের শারীরিক, মানসিক ও নৈতিক বিকাশে সহায়ক হবে। তোমাদের মাঝে নিহিত রয়েছে সমাজ ও দেশের ভবিষ্যৎ নেতৃত্ব। সেই নেতৃত্ব বিকাশে আমাদের কলেজ পরিবার সর্বদা তোমাদের পাশে থাকবে।

এ প্রতিষ্ঠানকে শুধু একটি শিক্ষাঙ্গন নয়, বরং একটি মূল্যবোধভিত্তিক মানবিক সমাজ গঠনের কেন্দ্র হিসেবে গড়ে তোলার পথে তোমাদের অংশগ্রহণ আমাদের প্রত্যাশা।

সকল নবীন শিক্ষার্থীদের জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।
শুভ হোক তোমাদের নতুন পথচলা।


**প্রফেসর মোঃ শামছুর রহমান**
অধ্যক্ষ
মহালছড়ি সরকারি কলেজ
মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা

# সম্পাদকীয়

## "শিক্ষার পথচলায় নতুন মাত্রা"

শিক্ষা শুধু পাঠ্যপুস্তকে সীমাবদ্ধ নয়; এটি একটি নিরবচ্ছিন্ন অন্বেষণ, দিকনির্দেশনা ও প্রস্তুতির ধারাবাহিকতা। সেই ধারাবাহিকতাকে সুসংগঠিত ও দৃষ্টিনন্দনভাবে শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করার অন্যতম উপায় হলো একটি প্রাতিষ্ঠানিক প্রসপেক্টাস বা ভর্তি সহায়িকা। প্রথমবারের মতো মহালছড়ি সরকারি কলেজের পক্ষ থেকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তি সহায়িকা প্রকাশিত হওয়া নিঃসন্দেহে এক তাৎপর্যপূর্ণ ও সময়োপযোগী উদ্যোগ।

এ উদ্যোগের প্রাণপুরুষ, মহালছড়ি সরকারি কলেজের মাননীয় অধ্যক্ষ প্রফেসর মোঃ শামছুর রহমান স্যারের আন্তরিক প্রচেষ্টা, উদ্দীপনা ও দূরদর্শিতার জন্য আমরা গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি। একটি প্রত্যন্ত অঞ্চলের কলেজে এমন একটি সহায়ক দলিলের প্রকাশ শিক্ষার্থীদের জন্য যেমন দিকনির্দেশক, তেমনি অভিভাবক ও শিক্ষকদের জন্যও এটি হবে একটি মূল্যবান সহায়ক উপকরণ।

প্রসপেক্টাসের মাধ্যমে কলেজের ইতিহাস, লক্ষ্য ও উদ্দেশ্য, একাডেমিক কাঠামো, পাঠ্যক্রমিক ও সহপাঠ্যক্রমিক কার্যক্রম, শৃঙ্খলা ও নীতিমালা, শিক্ষক পরিচিতি, ভবিষ্যৎ পরিকল্পনা ইত্যাদি বিষয়সমূহ একত্রে উপস্থাপিত হয়েছে। এতে করে শিক্ষার্থীরা যেমন কলেজ সম্পর্কে একটি স্পষ্ট ধারণা পাবে, তেমনি কলেজের প্রতি তাদের দায়িত্ববোধ ও আত্মিক সংযুক্তিও বৃদ্ধি পাবে।

প্রফেসর মোঃ শামছুর রহমান স্যারের এ উদ্যোগ মহালছড়ি সরকারি কলেজকে একটি আধুনিক, সুশৃঙ্খল ও শিক্ষার্থীবান্ধব শিক্ষা প্রতিষ্ঠানে রূপান্তরের পথে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হয়ে থাকবে বলে আমরা বিশ্বাস করি।

এ প্রসপেক্টাস যেন প্রতিবছর নিয়মিত প্রকাশিত হয় এবং আরো সমৃদ্ধ হয়–সেই প্রত্যাশা ব্যক্ত করে, অধ্যক্ষ মহোদয়সহ কলেজ পরিবারের সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

**কিউট চাকমা**
সম্পাদক
প্রসপেক্টাস প্রকাশনা কমিটি ২০২৫
মহালছড়ি সরকারি কলেজ

# কলেজ পরিচিতি

পার্বত্য চট্টগ্রামের এক প্রত্যন্ত জনপদ মহালছড়ি, যা খাগড়াছড়ি পার্বত্য জেলার অন্তর্গত। ইতিহাসের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ে এ অঞ্চলের শিক্ষাবঞ্চিত মানুষদের মাঝে উচ্চ শিক্ষার আলো পৌঁছে দেওয়ার তীব্র প্রয়োজন অনুভূত হয়। দীর্ঘদিন যাবৎ এ জনপদের শিক্ষার্থীরা এসএসসি পাশ করার পর উচ্চ শিক্ষার জন্য খাগড়াছড়ি জেলা সদর কিংবা পাশের রাঙামাটি জেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যেতে বাধ্য হতো। যাতায়াতের কষ্ট, পারিবারিক অসচ্ছলতা এবং পাহাড়ি পথের দুরূহতা অনেক শিক্ষার্থীর উচ্চ শিক্ষার স্বপ্নকে থামিয়ে দিত।

এই প্রেক্ষাপটে মহালছড়ি অঞ্চলের একদল দূরদর্শী, শিক্ষানুরাগী ও সমাজ সচেতন ব্যক্তির অন্তরের তাগিদে উচ্চ শিক্ষা প্রসারের মহতী উদ্যোগ গ্রহণ করা হয়। তাদের অনুপ্রেরণায় এবং সেনা প্রশাসন, উপজেলা প্রশাসন ও স্থানীয় জনগণের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে ''মহালছড়ি কলেজ'' নামকরণপূর্বক একটি প্রতিষ্ঠান গড়ে তোলার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক জুলাই ১৯৮৮ খ্রি. থেকে উপজেলা পাবলিক লাইব্রেরিতে (এপিবিএন রোড, মোহাম্মদপুর মহল্লা) কলেজের দাপ্তরিক কার্যক্রম শুরু হওয়ার পর আনুষ্ঠানিকভাবে ১৮ অক্টোবর ১৯৮৮ খ্রি. উপজেলা পাবলিক লাইব্রেরি সংলগ্ন শিশু বিকাশ কেন্দ্রে পাঠদান কার্যক্রম উদ্বোধন করেন ১ই বেঙ্গল মহালছড়ি জোনের মাননীয় জোন অধিনায়ক লে. কর্ণেল সাদেক।

কলেজের শিক্ষার্থীর সংখ্যা ক্রমন্বয়ে বৃদ্ধি পাওয়ায় ১৯৯১ সালে মহালছড়ি উপজেলা সদরের খাগড়াছড়ি-রাঙ্গামাটি সড়কের পূর্ব পাশে ২৪ মাইল নামক ওয়াইজংশন এলাকায় কলেজটি স্থানান্তর করা হয়। এখানে প্রথমে একটি টিনশেড বিল্ডিংয়ে পাঠদান শুরু করার পর স্থান সংকুলানের জন্য সরকারি বরাদ্দের আবেদনের পরিপ্রেক্ষিতে প্রথমে বর্তমান প্রশাসনিক বিল্ডিং সংলগ্ন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অর্থায়নে এক তলা বিল্ডিং (বর্তমানে পরিত্যক্ত) নির্মিত হয়। অতঃপর ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট (অধুনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর) এর অর্থায়নে ১৪ মার্চ ১৯৯৮ খ্রি. কলেজ মাঠের পূর্ব পাশে একটি তিন তলা ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করে শ্রেণি কার্যক্রম উদ্বোধন করা হয়। এরপর খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অর্থায়নে একটি দোতলা প্রশাসনিক ও একাডেমিক ভবন পর্যায়ক্রমে ২০০৭ খ্রি. থেকে ২০১৬ খ্রি. সময়ের মধ্যে নির্মিত হয় এবং পরবর্তীতে প্রশাসনিক ভবনের উপর দুটি টিনশেড কক্ষ সম্প্রসারণ করা হয়। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ির অর্থায়নে (নির্মাণ সন ২০১৯-২০২১ খ্রি.) আরো একটি চারতলা ভিত বিশিষ্ট আইসিটি ভবন নির্মিত হয়।

এটি কেবল একটি শিক্ষা প্রতিষ্ঠান নয়, বরং একটি যুগান্তকারী পদক্ষেপ, যা পাহাড়ি জনজীবনের শিক্ষা উন্নয়নে রেখেছে গভীর ও স্থায়ী ছাপ। এখানে সেই মহান ব্যক্তিদের নাম শ্রদ্ধাভরে উল্লেখ করা হলো, যাদের অক্লান্ত পরিশ্রম, আত্মত্যাগ এবং শিক্ষার প্রতি ভালোবাসা ছাড়া মহালছড়ি কলেজের জন্ম কল্পনাও করা যেত না।

## যাদের মহান উদ্যোগে মহালছড়ি কলেজ প্রতিষ্ঠা লাভ করে:

**১. মাননীয় জোন অধিনায়ক লেঃ কর্ণেল সাদেক**
মহালছড়ি জোন, মহালছড়ি, খাগড়াছড়ি।

**২. মাননীয় জোন অধিনায়ক লেঃ কর্ণেল রোকনউদ্দোল্লা**
মহালছড়ি জোন অধিনায়ক, মহালছড়ি, খাগড়াছড়ি।

**৩. বাবু উহ্লাপ্রু চৌধুরী**
প্রাক্তন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

**৪. জনাব মোল্লা আব্দুল আউয়াল**
উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

**৫. জনাব নুরুন নবী তালুকদার**
উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

**৬. বাবু হৃদয় রঞ্জন দাশ**
উপজেলা ১ম শ্রেণি ম্যাজিস্ট্রেট, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৭. জনাব মনিরুল আলম**
উপজেলা কৃষি কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৮. বাবু বিন্দু কুমার খীসা**
প্রাক্তন জুরীবোর্ড সদস্য ও চেয়ারম্যান, মাইসছড়ি ইউপি, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৯. বাবু রবীন্দ্র নাথ খীসা**
প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১০. বাবু দীপলো চাকমা**
প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১১. বাবু আদি শংকর খীসা**
প্রাক্তন চেয়ারম্যান, মাইসছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১২. বাবু ধৃত রঞ্জন চাকমা**
প্রাক্তন চেয়ারম্যান, ক্যায়াংঘাট ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৩. বাবু কংজরী মারমা**
প্রাক্তন চেয়ারম্যান, মুবাছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৪. বাবু অজিত কান্তি দাশ**
প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন, পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৫. বাবু মংহ্লাপ্রু চৌধুরী**
প্রাক্তন চেয়ারম্যান, সিন্দুকছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৬. বাবু রিভাই মারমা**
প্রাক্তন চেয়ারম্যান, মাইসছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৭. বাবু শান্তি কুমার চাকমা**
প্রাক্তন চেয়ারম্যান, ক্যায়াংঘাট ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৮. বাবু মংসুইপ্রু চৌধুরী**
প্রধান শিক্ষক, সিঙ্গিনালা উচ্চ বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।
**১৯. বাবু মহেন্দ্র নাথ খীসা**
প্রধান শিক্ষক, লেমুছড়ি উচ্চ বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২০. জনাব মোঃ শাহজাহান পাটোয়ারী**
প্রধান শিক্ষক, মহালছড়ি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়
**২১. বাবু সুধাংশু বিকাশ খীসা**
হেডম্যান, কেরেংগানাল মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২২. বাবু নবদ্বীপ চাকমা**
হেডম্যান, ক্যায়াংঘাট মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৩. বাবু কংহ্লাচাই চৌধুরী**
হেডম্যান, মুবাছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

**২৪. বাবু হলাঅংশু চৌধুরী**
হেডম্যান, চৌংড়াছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৫. বাবু উদয়ন চাকমা**
হেডম্যান, মাইসছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৬. বাবু আদি রতন খীসা**
অবসরপ্রাপ্ত সহকারী পশুপালন কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৭. বাবু জয়ন্ত কুমার কার্বারী**
পাহাড়তলী, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৮. বাবু মংসাথোয়াই মারমা**
সভাপতি, প্রাইমারী শিক্ষক সমিতি, মহালছড়ি, খাগড়াছড়ি।
**২৯. বাবু সুরৎ বিহারী খীসা**
কার্বারী, খুলারাম পাড়া, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩০. বাবু শোভাপূর্ণ চাকমা**
সহকারী শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩১. মিজ শৈব রানী চাকমা**
সহকারী শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩২. বাবু বন বিহারী চাকমা**
ক্যায়াংঘাট, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩৩. ডাঃ মানিক ত্রিপুরা**
মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩৪. ডাঃ স্বপন চক্রবর্তী**
মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩৫. বাবু বিজয় কৃষ্ণ মহাজন**
মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩৬. বাবু অমলেন্দু বিকাশ বড়ুয়া**
মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।
**৩৭. জনাব মোঃ ফিরোজ আহম্মদ**
মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

**দাতা - (ভূমি)**
**মংসুইপ্রু চৌধুরী (বাজার চৌধুরী)**
থলিপাড়া, মহালছড়ি, খাগড়াছড়ি।

## স্বীকৃতি/অধিভুক্তি সংক্রান্ত তথ্য

| স্তর | ১ম অনুমতি/ সাময়িক মঞ্জুরীর তারিখ | প্রথম স্বীকৃতি/ অধিভুক্তি তারিখ | বোর্ড বিশ্ববিদ্যালয় | এম.পি.ও ভুক্তির তারিখ | কলেজ কোড |
|---|---|---|---|---|---|
| উচ্চ মাধ্যমিক | ০১/০৭/১৯৮৯ খ্রি. | ০১/০৭/১৯৮৯ খ্রি. | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা | ০১/০৭/১৯৯৩ খ্রি. | ৫২৫১ |
| উচ্চ মাধ্যমিক (বিএম) | ০১/০৭/১৯৯৫ খ্রি. | ০১/০৭/১৯৯৫ খ্রি. | বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা | ০১/০৩/১৯৯৭ খ্রি. | ৭১০০৫ |
| ডিগ্রি (পাস) | ০১/০৭/২০১৩ খ্রি. | ০১/০৭/২০১৪ খ্রি. | জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর | ..................... | ৪৭০৮ |

# একাডেমিক কার্যক্রম

## উচ্চ মাধ্যমিকঃ

- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীনে এইচএসসি: মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএমটি) শিক্ষাক্রম।

## স্নাতক (পাস)ঃ

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস)ঃ বিএসএস ও বিবিএস শাখা।

# লক্ষ্য ও উদ্দেশ্য

১। পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত অঞ্চলের পিছিয়ে পরা জনগোষ্ঠীর শিক্ষার সুষ্ঠু পরিবেশ অক্ষুণ্ন রেখে শিক্ষার গুণগতমান নিশ্চিত করা।

২। আধুনিক ও জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে সচেতন, দক্ষ ও আত্মনির্ভর জনশক্তি গড়ে তোলা।

৩। শিক্ষার্থীদের নৈতিক মূল্যবোধ, সহনশীলতা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ করে আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলা।

# আমাদের বৈশিষ্ট্যসমূহ

১। বিষয় ভিত্তিক অভিজ্ঞ, দক্ষ ও প্রশিক্ষণপ্রাপ্ত নিবেদিত প্রাণ শিক্ষকমন্ডলী দ্বারা পাঠদান।

২। কোলাহলমুক্ত নিরাপদ প্রাকৃতিক পরিবেশে সুপরিসর শ্রেণিকক্ষে সৃজনশীল কাঠামোতে পাঠদান।

৩। মেধা বিকাশের জন্য আধুনিক সমৃদ্ধ পাঠাগার ও কম্পিউটার ল্যাব।

৪। জাতীয়, আন্তর্জাতিক ও সমসাময়িক সাধারণ জ্ঞানের প্রতি গুরুত্ব প্রদান।

৫। শিষ্টাচারের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান।

৬। বক্তৃতা, বিতর্ক প্রতিযোগিতা ও খেলাধুলা অনুশীলনের ব্যবস্থা।

৭। সকল জাতীয় দিবস ও অনুষ্ঠান যথাযথ মর্যাদার ভিত্তিতে পালন।

৮। বার্ষিক বনভোজন ও শিক্ষা সফরের ব্যবস্থা।

# পাঠদানের বিষয় পরিচিতি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীনে
এইচএসসি-তে তিনটি বিভাগ চালু রয়েছে

## বিজ্ঞান বিভাগ

১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
৪। পদার্থবিজ্ঞান
৫। রসায়ন বিজ্ঞান
৬। জীব বিজ্ঞান
৭। উচ্চতর গণিত

(বি:দ্র: উচ্চতর গণিত অথবা জীববিজ্ঞান হতে যেকোন একটি ঐচ্ছিক বিষয় হিসেবে নিতে হবে)

## মানবিক বিভাগ

১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
৪। পৌরনীতি ও সুশাসন
৫। সমাজবিজ্ঞান
৬। ইতিহাস
৭। অর্থনীতি

(বি:দ্র: অর্থনীতি / ইতিহাস / সমাজবিজ্ঞান হতে যেকোন একটি ঐচ্ছিক বিষয় হিসেবে নিতে হবে)

## ব্যবসায় শিক্ষা বিভাগ

১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
৪। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৫। হিসাববিজ্ঞান
৬। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা
৭। অর্থনীতি

(বি:দ্র: ঐচ্ছিক বিষয় হিসেবে অর্থনীতি নিতে হবে)

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অধীনে এইচএসসি (বিএমটি)-তে পাঠদানের বিষয়সমূহ

## একাদশ শ্রেণি

| বিষয় কোড | বিষয় |
|---|---|
| ২১৮১১ | বাংলা-১ |
| ২১৮১২ | English-1 (Model Questions with Solutions) |
| ২১৮১৩ | কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-১ |
| ২১৮১৪ | ব্যবসায় গণিত ও পরিসংখ্যান |
| ২১৮১৫ | হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-১ |
| ২১৮১৬ | অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল |
| ২১৮১৭ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-১ |
| ২১৮১৮ | মার্কেটিং নীতি ও প্রয়োগ-১ |
| | নৈর্বাচনিক বিষয়-১টি এবং ঐচ্ছিক বিষয়-১টি |
| ২৩৩১৮ | ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস-১ |
| ২৩৫১৮ | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-১ |
| ২৩২১৮ | ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস-১ |
| ২৩১১৮ | কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম-১ |

## দ্বাদশ শ্রেণি

| বিষয় কোড | বিষয় |
|---|---|
| ২১৮২১ | বাংলা-২ |
| ২১৮২২ | English-2 (Model Questions with Solutions) |
| ২১৮২৩ | কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-২ |
| ২১৮২৪ | বিজনেস ইংলিশ এন্ড কমিউনিক্যাশন |
| ২১৮২৫ | হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-২ |
| ২১৮২৬ | অফিস ম্যানেজমেন্ট |
| ২১৮২৭ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-২ |
| ২১৮২৮ | মার্কেটিং নীতি ও প্রয়োগ-২ |
| | নৈর্বাচনিক বিষয়-১টি এবং ঐচ্ছিক বিষয়-১টি |
| ২৩৩২৮ | ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস-২ |
| ২৩৫২৮ | হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-২ |
| ২৩২২৮ | ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস-২ |
| ২৩১২৮ | কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম-২ |

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস) এর দুইটি বিভাগ চালু রয়েছে

### তিন বছর মেয়াদী বি.এস.এস (পাস) কোর্সের বিষয়সমূহ

১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
২) বাংলা
৩) ইংরেজি।
৪) রাষ্ট্রবিজ্ঞান
৫) সমাজবিজ্ঞান
৬) ইতিহাস

### তিন বছর মেয়াদী বি.বি.এস (পাস) কোর্সের বিষয়সমূহ

১) স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস
২) বাংলা
৩) ইংরেজি
৪) হিসাববিজ্ঞান
৫) ব্যবস্থাপনা
৬) অর্থনীতি

## সহশিক্ষা কার্যক্রম

শিক্ষকদের সুদক্ষ পরিচালনায় অত্র কলেজে নিম্নোক্ত ক্লাব সমূহ চালু রয়েছে...

১। রোভার স্কাউট গ্রুপ
২। বাংলাদেশ রেড ক্রিসেন্ট ইউনিট
৩। ডিবেটিং ক্লাব
৪। স্পোর্টস ক্লাব
৫। সাংস্কৃতিক ক্লাব

# পোশাক সংক্রান্ত নিয়মাবলী

## গ্রীষ্মকাল

ছাত্র:- সাদা হাফ শার্ট, কালো প্যান্ট, কালো জুতা।

ছাত্রী:- সাদা পায়জামা, নেভী ব্লু কামিজ, সাদা এপ্রোন, কালো জুতা।

## শীতকাল

ছাত্র:- সাদা ফুল হাতা শার্ট, কালো প্যান্ট, নেভি ব্লু সোয়েটার, কালো জুতা।

ছাত্রী:- সাদা পায়জামা, নেভী ব্লু কামিজ, সাদা এপ্রোন, নেভি ব্লু কার্ডিগান, কালো জুতা।

ব্যাজ : কলেজ থেকে সরবরাহকৃত ব্যাজ ছেলেদের শার্টের বাম পকেটে এবং মেয়েদের সাদা এপ্রোনের বাম হাতায় লাগাতে হবে।

# ভর্তি যোগ্যতা

## উচ্চ মাধ্যমিকঃ

- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর অধীনে এইচএসসি মানবিক, বিজ্ঞান, ও ব্যবসায় শিক্ষা বিভাগ।

| গ্রুপ | ভার্সন | আসন সংখ্যা | নূন্যতম জিপিএ |
|---|---|---|---|
| মানবিক | বাংলা | ৪০০ | ২.৫০ |
| বিজ্ঞান | বাংলা | ১০০ | ৩.০০ |
| ব্যবসায় শিক্ষা | বাংলা | ১৬০ | ২.৫০ |

- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (বিএমটি) শাখা।

| গ্রুপ | ভার্সন | আসন সংখ্যা | ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|
| ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস | বাংলা | ৫০ | যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষায় যে কোন সালে উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে |
| হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট | বাংলা | ৫০ | |
| ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস | বাংলা | ৫০ | |
| কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম | বাংলা | ৫০ | |

## স্নাতক (পাস)ঃ

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে স্নাতক (পাস)ঃ বিএসএস ও বিবিএস শাখা।

| গ্রুপ | ভার্সন | আসন সংখ্যা | নূন্যতম জিপিএ |
|---|---|---|---|
| বিএসএস | বাংলা | ১৫০ | জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত |
| বিবিএস | বাংলা | ১৫০ | |

# শিক্ষক পরিচিতি

## বাংলা বিভাগ



### চিত্রা দেওয়ান
প্রভাষক, বাংলা
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: chitra.dewan86@gmail.com

## ইংরেজি বিভাগ



### কিউট চাকমা
প্রভাষক, ইংরেজি
রক্তের গ্রুপঃ A+
ই-মেইল: dvufchakma@gmail.com



### আঁকন বড়ুয়া
প্রভাষক, ইংরেজি
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল: akan268958@gmail.com

## মানবিক বিভাগ



### সমর আলো চাকমা
সহকারী অধ্যাপক, ইতিহাস
রক্তের গ্রুপঃ AB+
ই-মেইল:



### কংজঅং চৌধুরী
প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: kjaong2556@gmail.com



### দেশ প্রিয় বড়ুয়া
প্রভাষক, অর্থনীতি
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: dpbarua30@gmail.com



### সেভেলটিনা চাকমা
প্রভাষক, সমাজবিজ্ঞান
রক্তের গ্রুপঃ +
ই-মেইল:

## বিজ্ঞান বিভাগ



### মোহাং ফরিদুল আলম চৌধুরী
সহকারী অধ্যাপক, রসায়ন
রক্তের গ্রুপঃ +
ই-মেইল:



### এ কে এম আসাদুজ্জামান
প্রভাষক, গণিত
রক্তের গ্রুপঃ A+
ই-মেইল: akm.asad1975@gmail.com



## রিকা দেওয়ান

প্রভাষক, জীব বিজ্ঞান
রক্তের গ্রুপঃ AB+
ই-মেইল: dewanrikha@gmail.com



## শুভ্র দে

প্রভাষক, পদার্থ বিজ্ঞান
(অতিথি শিক্ষক)
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: shuvrodey6@gmail.com

# ব্যবসায় শিক্ষা বিভাগ



## জ্ঞান প্রকাশ খীসা

প্রভাষক, হিসাববিজ্ঞান
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল:



## উহলাপ্রু চৌধুরী

প্রভাষক, ব্যবস্থাপনা
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল: oburu21@gmail.com



## মোঃ সেলিম জাহান

প্রভাষক, হিসাববিজ্ঞান
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল: sjahanroni@gmail.com

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ



## মনোৎপল চাকমা

প্রভাষক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল: chakmapaul89@gmail.com

# প্রদর্শকবৃন্দ



## দেবাশীষ সেন

প্রদর্শক, রসায়ন
রক্তের গ্রুপঃ A+
ই-মেইল: dsen1670@gmail.com



## কৃষ্ণ বিকাশ খীসা

প্রদর্শক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
রক্তের গ্রুপঃ A+
ই-মেইল: khisa.231970@gmail.com

## শারীরিক শিক্ষা বিভাগ



### চিনিঅং মারমা
শরীরচর্চা শিক্ষক
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল:

## কর্মচারী পরিচিতি



### দোলনা রানী দাশ গুপ্তা
সহকারী গ্রন্থাগারিক
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: dolnadasgupta@gmail.com



### বিধান রায় বিশ্বাস
কম্পিউটার প্রদর্শক কাম মেকানিক
রক্তের গ্রুপঃ B+
ই-মেইল: bidhanrb001@gmail.com



### মোঃ আবু সায়েদ
অফিস সহকারী কাম
কম্পিউটার মুদ্রাক্ষরিক
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল:



### রিপন চাকমা
কম্পিউটার ল্যাব সহকারী
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল: chakmaripan708@gmail.com

## অফিস সহায়ক পরিচিতি



### সানী মারমা
অফিস সহায়ক
রক্তের গ্রুপঃ +
ই-মেইল:



### ক্যজঅং মারমা
নিরাপত্তা প্রহরী
রক্তের গ্রুপঃ +
ই-মেইল:



### অতুল চাকমা
অফিস সহায়ক
রক্তের গ্রুপঃ O+
ই-মেইল:

# ভূতপূর্ব অধ্যক্ষবৃন্দ



**মৈত্রী প্রসাদ খীসা**
প্রতিষ্ঠাকালীন অধ্যক্ষ
কার্যকালঃ
১৯/০৭/১৯৮৮ - ১৬/০৭/২০১৮



**মোহাং ফরিদুল আলম চৌধুরী**
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কার্যকালঃ
১৭/০৭/২০১৮ - ১৫/০৪/২০২৫

# ইতঃপূর্বে কর্মরত শিক্ষকবৃন্দ

| | | |
|---|---|---|
| ১ | বাবু বাদল বরন বড়ুয়া | সহকারী অধ্যাপক, ইতিহাস |
| ২ | বাবু তুষার কান্তি দাশ | সহকারী অধ্যাপক, বাংলা |
| ৩ | বাবু সমীরন বড়ুয়া | প্রভাষক, হিসাববিজ্ঞান |
| ৪ | বাবু অনুপম বড়ুয়া | প্রভাষক, ইংরেজি |
| ৫ | বাবু মৃনাল কান্তি সেন | প্রভাষক, সমাজবিজ্ঞান |
| ৬ | মিজ ইতি চাকমা | সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা |
| ৭ | বাবু নির্মল কান্তি চাকমা | প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান |
| ৮ | মিজ উত্তরা চাকমা | প্রভাষক, ইংরেজি |
| ৯ | জনাব আনোয়ার আলম | প্রভাষক, পদার্থবিজ্ঞান |
| ১০ | বাবু তপন কুমার চাকমা | প্রভাষক, হিসাববিজ্ঞান |
| ১১ | বাবু পুষ্প স্মৃতি চাকমা | প্রভাষক, জীব বিজ্ঞান |
| ১২ | জনাব এস এম নিশানুল বখতিয়ার | প্রভাষক, গণিত |
| ১৩ | জনাব মমতাজ আহমেদ | প্রভাষক, জীব বিজ্ঞান |
| ১৪ | জনাব প্রবীর বড়ুয়া | প্রভাষক, ইংরেজি |
| ১৫ | জনাব আমিরুল হোসাইন | প্রভাষক, ইংরেজি |
| ১৬ | বাবু চিংকিউ রোয়াজা | প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান |
| ১৭ | বাবু অনিল চাকমা | প্রভাষক, ব্যবস্থাপনা |
| ১৮ | বাবু মিলন চাকমা | প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান |
| ১৯ | জনাব শিবু নারায়ন পাল | প্রদর্শক রসায়ন |
| ২০ | বাবু কমলেশ্বর ধর | প্রদর্শক |
| ২১ | বাবু আর্কিমিডিস চাকমা | প্রদর্শক, জীববিজ্ঞান |
| ২২ | বাবু গোপাল চন্দ্র সেন | প্রদর্শক, রসায়ন |
| ২৩ | বাবু পায়েল বড়ুয়া | প্রদর্শক, জীববিজ্ঞান |
| ২৪ | বাবু সুকুমার চাকমা | শরীরচর্চা শিক্ষক |

# ইতঃপূর্বে কর্মরত কর্মচারীবৃন্দ

| | | |
|---|---|---|
| ১ | বাবু অনিল কান্তি চাকমা | অফিস সহকারী কাম হিসাব সহকারী |
| ২ | বাবু ফ্লাওয়ার খীসা | অফিস সহায়ক |
| ৩ | মিজ অনিমা রাণী চৌধুরী | অফিস সহায়ক |
| ৪ | জনাব মোঃ আলমগীর হোসেন | অফিস সহায়ক |

# ছবির এ্যালবাম


নবাগত অধ্যক্ষ মহোদয়কে
শিক্ষক-কর্মচারীর পক্ষ থেকে বরণ


নবাগত অধ্যক্ষ মহোদয়কে থলিপাড়া ও ২৪ মাইল
এলাকাবাসীর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা


ইউএনডিপি কর্তৃক ছাত্রীদের মাঝে
ডিগনিটি কিট বিতরণ অনুষ্ঠানে অধ্যক্ষ মহোদয়


ড. শেখ আব্দুর রশীদ, সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়
(বর্তমান মন্ত্রীপরিষদ সচিব) স্যারের হাত থেকে
ইন্ডাকশন (বুনিয়াদি) ট্রেনিং এর মেধা তালিকায় ১ম পুরস্কার
গ্রহণ করছেন বাংলা বিভাগের প্রভাষক চিত্রা দেওয়ান


২০২৫ সালের এইচএসসি পরীক্ষার্থীদের
প্রবেশপত্র বিতরণ


১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস-২০২২


২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও
আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে
সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি


ইউএনডিপি কর্তৃক ছাত্রীদের মাঝে
ডিগনিটি কিট বিতরণ

# ছবির এ্যালবাম




আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০১৭ উদযাপন



সেইফ ফ্রম হার্ম সার্টিফিকেশন কোর্সে মহালছড়ি সরকারি কলেজ রোভার স্কাউটস লিডারের অংশগ্রহণ



২০২৫ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ ও বিদায় অনুষ্ঠান



এইচএসসি ২০২৫ সালের পরীক্ষার্থীদের মঙ্গল কামনায় ধর্মীয় অনুষ্ঠান



এক শীতের সকালে মহালছড়ি সরকারি কলেজের শিক্ষকমণ্ডলী



বার্ষিক ডে ক্যাম্প ও দীক্ষা অনুষ্ঠান-২০২২



অষ্টাদশ আঞ্চলিক রোভার মুট-২০১৭ তে মহালছড়ি সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের অংশগ্রহণ



এইচএসসি ২০২৪ সালের পরীক্ষার্থীদের মঙ্গল কামনায় ধর্মীয় অনুষ্ঠান

# শিক্ষার্থীদের জন্য শৃঙ্খলা ও নীতিমালা

১. সময়সচেতনতা:

শ্রেণিকক্ষে যথাসময়ে উপস্থিত থাকতে হবে এবং নিয়মিত ক্লাসে অংশগ্রহণ করতে হবে।

২. পরিচ্ছন্নতা বজায় রাখা:

শ্রেণিকক্ষ, কলেজ প্রাঙ্গণ ও টয়লেটসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ছাত্র-ছাত্রীদের দায়িত্ব।

৩. পোশাক বিধি মেনে চলা:

কলেজ নির্ধারিত পোশাক পরে শ্রেণিতে উপস্থিত থাকতে হবে।

৪. শ্রদ্ধাবোধ:

শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সহপাঠীদের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে।

৫. শান্তিপূর্ণ আচরণ:

মারামারি, গালিগালাজ বা যেকোনো ধরনের বিশৃঙ্খল আচরণ কঠোরভাবে নিষিদ্ধ।

৬. মোবাইল ফোন ব্যবহারে নিয়ন্ত্রণ:

ক্লাস চলাকালীন মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৭. নকল বিরোধী মনোভাব:

পরীক্ষায় নকল বা অনৈতিক উপায় গ্রহণ করলে কঠোর শাস্তির সম্মুখীন হতে হবে।

৮. কলেজ সম্পদের সংরক্ষণ:

কলেজের আসবাবপত্র, যন্ত্রপাতি বা অন্যান্য সম্পদের ক্ষতি করা যাবে না।

৯. অনুপস্থিতির কারণ জানানো:

অনুপস্থিত থাকলে যথাযথ কারণ দেখিয়ে লিখিতভাবে অনুমতি নিতে হবে।

১০. সাংস্কৃতিক ও পাঠ্য-বহির্ভূত কার্যক্রমে অংশগ্রহণ:

কলেজ কর্তৃক আয়োজিত বিভিন্ন সহপাঠ্য কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহী হতে হবে।

১১. সিগারেট ও মাদকবিরোধী অবস্থান:

কলেজ চত্বরে ধূমপান, মাদকসেবন বা এ সংক্রান্ত কার্যক্রম সম্পূর্ণ নিষিদ্ধ।

১২. অনলাইন ও সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার:

কলেজ বা শিক্ষকদের নামে গুজব, অপমান বা বিভ্রান্তিকর তথ্য প্রচার করলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।



মহালছড়ি সরকারি কলেজ ফুটবল দল